গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড,
রাজস্ব ভবন
সেগুনবাগিচা, ঢাকা।
(বোর্ড প্রশাসন-২)

নথি নং- ০৮.০১.০০০০.০০২.১৫.০১২.১৫ (অংশ-২)/ ২৭১

তারিখঃ ০৯ আষাঢ় ১৪২৬
২৩ জুন ২০১৯

বিষয়ঃ জাতীয় রাজস্ব বোর্ডের কর্মকর্তা-কর্মচারীদের শুদ্ধাচার পুরস্কার প্রদানের জন্য বাছাই কমিটি গঠন ও কার্যক্রম পরিচালনা।

সূত্রঃ ১। মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নং ৩/০৪/২০১৭খ্রিঃ তারিখের শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালা, ২০১৭ বিষয়ক প্রজ্ঞাপন।

২। অভ্যন্তরীণ সম্পদ বিভাগের স্মারক নং ০৮.০০.০০০০.০৩৬.০৬.০০২.১৭/৪৮২ তারিখঃ ৯/০৫/২০১৭ খ্রিঃ

৩। অভ্যন্তরীণ সম্পদ বিভাগের স্মারক নং ০৮.০০.০০০০.০৩৬.২২.০১৩.১৩ (অংশ-২)/২৮৭ তারিখঃ ১৬/০৪/২০১৭ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের বরাতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালা, ২০১৭ এর আলোকে জাতীয় রাজস্ব বোর্ডের আওতাধীন কর্মকর্তা-কর্মচারীদের শুদ্ধাচার চর্চায় উৎসাহ প্রদানের লক্ষ্যে জাতীয় রাজস্ব বোর্ডের শুদ্ধাচার পুরস্কার প্রদান বিষয়ক বাছাই কমিটি নিম্নরূপভাবে গঠন করা হলো ঃ

জাতীয় রাজস্ব বোর্ডের কর্মকর্তা-কর্মচারীদের শুদ্ধাচার পুরস্কার প্রদান বিষয়ক বাছাই কমিটি

| ক্র.নং | পদবী | কমিটিতে অবস্থান |
|---|---|---|
| ১. | চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা। | সভাপতি |
| ২. | সদস্য (কাস্টমস ও ভ্যাট প্রশাসন) জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা। | সদস্য |
| ৩. | সদস্য (আয়কর প্রশাসন ও মানব সম্পদ ব্যবস্থাপনা), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা। | সদস্য |
| ৪. | জনাব মোঃফিরোজ শাহ্ আলম, সদস্য (শুল্ক নীতি ও আইসিটি) ও ফোকাল পয়েন্ট (জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা। | সদস্য |
| ৫. | সদস্য (কাস্টমস নীতি), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা। | সদস্য |
| ৬. | সদস্য (ভ্যাট নীতি), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা। | সদস্য |
| ৭. | সদস্য (আয়কর নীতি), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা। | সদস্য |
| ৮. | সদস্য (বোর্ড প্রশাসন), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা। | সদস্য সচিব |

## ০২। কমিটির কর্ম-পরিধি:-

(ক) শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালা, ২০১৭ এর আলোকে জাতীয় রাজস্ব বোর্ডের কর্মরত গ্রেড-১ হতে গ্রেড-১০ ভুক্ত একজন কর্মচারী এবং গ্রেড-১১ হতে-২০ ভুক্ত একজন কর্মচারী নির্বাচন করা।

(খ) শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালা, ২০১৭ এর আলোকে জাতীয় রাজস্ব বোর্ডের আওতাধীন বিভিন্ন দপ্তর কাস্টমস/ভ্যাট/কর/অন্যান্য বিভাগীয়/আঞ্চলিক কার্যালয়সমূহের কমিশনার/মহাপরিচালক/সমপদমর্যাদার বা তদূর্ধ্ব কর্মকর্তার (দপ্তর প্রধান) থেকে কাস্টমস অনুবিভাগ থেকে একজন দপ্তর প্রধান, ভ্যাট অনুবিভাগ থেকে একজন দপ্তর প্রধান এবং কর অনুবিভাগ থেকে একজন দপ্তর প্রধানসহ, মোট তিনজন দপ্তর প্রধানকে নির্বাচন করা।

(গ) জাতীয় রাজস্ব বোর্ডের আওতাধীন বিভাগীয়/আঞ্চলিক কার্যালয়সমূহের প্রধানদের (কমিশনার)/ মহাপরিচালক / সমপদমর্যাদার বা তদূর্ধ্ব কর্মকর্তা) নেতৃত্বে উক্ত দপ্তরের আওতাধীন কর্মকর্তা-কর্মচারীদের শুদ্ধাচার চর্চায় উৎসাহ প্রদানের লক্ষ্যে গঠিত কমিটিকে প্রয়োজনে পরামর্শ প্রদান করা।

(ঘ) শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালা, ২০১৭ অনুযায়ী প্রযোজ্য অন্যন্য দায়িত্ব পালন।

**০৩। কমিটির কার্যপ্রণালী:-**

(ক) জাতীয় রাজস্ব বোর্ডের আওতাধীন কর্মকর্তা-কর্মচারীদের শুদ্ধাচার পুরস্কার প্রদান বিষয়ক বাছাই কমিটি প্রতি বছর মে মাসের ৩১ তারিখের মধ্যে শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালা, ২০১৭ এর আলোকে শুদ্ধাচার পুরস্কার প্রদানের লক্ষ্যে কর্মকর্তা-কর্মচারী নির্বাচন করবেন। প্রয়োজনে উক্ত কমিটি এক বা একাধিক সভায় মিলিত হবেন।

(ঘ) অর্থবছরের শুরুতে অর্থাৎ জুলাই মাস হতে অথবা কর্মকর্তা-কর্মচারী দায়িত্ব গ্রহণের পর থেকেই তাঁর কার্যক্রম ও অন্যান্য বিষয় নিবিড় পর্যবেক্ষণ করবেন।

০৪। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

স্বাক্ষরিত/-
(খান মোহাম্মদ বিলাল)
সদস্য (বোর্ড প্রশাসন)

নথি নং- ০৮.০১.০০০০.০০২.১৫.০১২.১৫ (অংশ-২)/ ২৭০

তারিখঃ ০৯ আষাঢ় ১৪২৬
২৩ জুন ২০১৯

বিতরণ (কার্যার্থে) জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়:

১। সদস্য (বোর্ড প্রশাসন)/(কাস্টমস নীতি) ও ফোকাল পয়েন্ট, জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন/ (কাস্টমস ও ভ্যাট প্রশাসন)/ (কাস্টমস, রপ্তানী বন্ড ও আইটি)/ (কাস্টমস নিরীক্ষা, আধুনিকায়ন ও আন্তর্জাতিক বাণিজ্য)/ (কাস্টমস গোয়েন্দা ও নিরীক্ষা)/ (ভ্যাট বাস্তবায়ন ও আইটি)/ (ভ্যাট নীতি)/ (ভ্যাট গোয়েন্দা ও নিরীক্ষা)/ (কর প্রশাসন ও মানব সম্পদ ব্যবস্থাপনা)/ (কর আপীল ও অব্যাহতি)/ (কর জরীপ ও পরিদর্শন)/ (কর লিগ্যাল এন্ড এনফোর্সমেন্ট)/ (ইন্টারন্যাশনাল ট্যাকসেস)/ (কর নীতি)/ (কর তথ্য ব্যবস্থাপনা ও সেবা)/ (অডিট ইন্টেলিজেন্স ও ইনভেস্টিগেশন), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

২। কমিশনার/মহাপরিচালক, কাস্টম হাউস (সকল)/কাস্টমস গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর/ কাস্টমস রেয়াত ও প্রত্যর্পন পরিদপ্তর/ কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমি/ কাস্টমস বন্ড কমিশনারেট (সকল)/ কাস্টমস মূল্যায়ন ও অভ্যন্তরীণ নিরীক্ষা কমিশনারেট/ কাস্টমস এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট (সকল)/ বৃহৎ করদাতা ইউনিট (মূসক)/কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট (আপীল) (সকল)/ নিরীক্ষা, গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, মূল্য সদংযোজন কর/ কর কমিশনারের কার্যালয় (আপীল) (সকল)/ বৃহৎ করদাতা ইউনিট (কর)/ বিসিএস কর একাডেমী/ কর পরিদর্শন পরিদপ্তর/ কেন্দ্রীয় কর জরীপ বাংলাদেশ/ সেন্ট্রাল ইন্টেলিজেন্স সেল/ গবেষণা ও পরিসংখ্যান, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

৩। সিস্টেম ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা। (আদেশটি জাতীয় রাজস্ব বোর্ডের ওয়েবসাইট ও গ্রুপ মেইলে প্রেরণের অনুরোধ সহ)

৪। প্রথম সচিব (সকল) জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।

৫। চেয়ারম্যানের একান্ত সচিব, জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা [চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য]।

৬। দ্বিতীয় সচিব (সকল) জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।

৭। হিসাবরক্ষণ কর্মকর্তা, জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।

৮। অফিস কপি/ গার্ড ফাইল।

২৩/৬/১৯

(মোঃ নূরুল আমীন)
দ্বিতীয় সচিব (বোর্ড প্রশাসন-২)
ফোন ঃ ৮৩১৮১২০ এক্স ঃ ৩৭৭
admn2nbr@gmail.com